

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

বাংলা (প্রথম ভাষা)

নবম শ্রেণি

১. কম-বেশি ১৫টি শব্দের মধ্যে উত্তর লেখো :

- ১.১ 'হিন্দি উপস্থিত সেই চেষ্টাটা করছেন' — কোন্ চেষ্টার কথা প্রাবন্ধিক বলেছেন?
- ১.২ 'এরই মাঝে বাংলার প্রাণ' — কবি কোথায় বাংলার প্রাণের স্থান পেয়েছেন?
- ১.৩ 'এখন আমার দৃঢ় বিশ্বাস হয়েছে' — পত্রলেখকের দৃঢ় বিশ্বাসটি কী?
- ১.৪ 'যা গিয়ে ওই উঠানে তোর দাঁড়া' — সেখানে গিয়ে দাঁড়ালে কোন্ দৃশ্য দেখা যাবে?
- ১.৫ 'তোমার বাড়ি কোথায়?' — রাখারাগী এই প্রশ্নের উত্তরে কী বলেছিল?

২. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দের মধ্যে উত্তর লেখো :

- ২.১ 'সংস্কৃত ভাষা আত্মনির্ভরশীল।' — প্রাবন্ধিক কেন এমন মন্তব্য করেছেন?
- ২.২ 'পৃথিবীর কোনো পথ এ কন্যারে দেখে নিকো'—কোন্ কন্যার কথা এক্ষেত্রে বলা হয়েছে?
- ২.৩ 'মরদ কি বাত হাতি কা দাঁত' — স্বামী বিবেকানন্দ কেন এই প্রবাদটি ব্যবহার করেছেন?
- ২.৪ 'ফুরয় না সেই একগুঁয়েটার দুরন্ত পিপাসা।' — কোন্ পিপাসাকে, কেন দুরন্ত বলা হয়েছে?

৩. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো (কম-বেশি ১৫০ শব্দ) :

- ৩.১ 'বাঙালি চরিত্রে বিদ্রোহ বিদ্যমান।' — 'নব নব সৃষ্টি' প্রবন্ধে প্রাবন্ধিক কীভাবে সেই বিদ্রোহের পরিচয় দিয়েছেন?
- ৩.২ 'আসিয়াছে শান্ত অনুগত/বাংলার নীল সন্ধ্যা' — 'আকাশে সাতটি তারা' কবিতা অনুসরণে সেই সন্ধ্যার বিবরণ দাও।
- ৩.৩ 'চিঠি' অনুসরণে স্বামী বিবেকানন্দের বিদেশী ভক্ত ও অনুগামীদের পরিচয় দাও।
- ৩.৪ 'নটেগাছটা বুড়িয়ে ওঠে, কিন্তু মুড়য় না' — পঙ্ক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- ৩.৫ 'তাহারা দরিদ্র, কিন্তু লোভী নহে' — কাদের কথা বলা হয়েছে? পাঠ্যাংশ অনুসরণে তাদের দারিদ্র্য এবং নির্লোভতার প্রসঙ্গ আলোচনা করো।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।